

আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১৩৭৪

৩৭/ পোষাক ও অলঙ্কার (كتاب اللباس والزينة)

পরিচ্ছেদঃ ৩৭/৩২. রাস্তার উপর বসা নিষিদ্ধ এবং রাস্তার হক আদায় করা।

النَّهِيُّ عَنِ الْجِلْوسِ فِي الطُّرُقَاتِ وَإِعْطَاءِ الطَّرِيقِ حَقَّهُ

আরবী

حَدِيثُ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ رضيَ اللَّهُ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، قَالَ: إِيَّاكُمْ وَالْجُلوسَ عَلَى الطُّرُقَاتِ فَقَالُوا: مَا لَنَا بُدُّ إِنَّمَا هِيَ مَجَالِسُنَا نَتَحَدَّثُ فِيهَا قَالَ: فَإِذَا أَبْيَتُمْ إِلَّا الْمَجَالِسَ فَأَعْطُوْا الطَّرِيقَ حَقَّهَا قَالُوا: وَمَا حَقُّ الطَّرِيقِ قَالَ: غَضْبُ الْبَصَرِ، وَكَفُّ الْأَذَى، وَرَدُّ السَّلَامِ، وَأَمْرٌ بِالْمَعْرُوفِ، وَنَهْيٌ عَنِ الْمُنْكَرِ

বাংলা

১৩৭৪. আবু সাউদ খুদরী (রাঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, তোমরা রাস্তার উপর বসা হেড়ে দাও। লোকজন বলল, এ ছাড়া আমাদের কোন পথ নেই। কেননা, এটাই আমাদের উঠাবসার জায়গা এবং এখানেই আমরা কথাবার্তা বলে থাকি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, যদি তোমাদের সেখানে বসতেই হয়, তবে রাস্তার হক আদায় করবে। তারা বলল, রাস্তার হক কী? তিনি বললেন, দৃষ্টি অবনমিত রাখা, কষ্ট দেয়া হতে বিরত থাকা, সালামের জবাব দেয়া, সৎকাজের আদেশ দেয়া এবং অন্যায় কাজে নিষেধ করা।

ফুটনোট

সহীলুল বুখারী, পর্ব ৪৬: অত্যাচার, কিসাস ও লুঞ্ছন, অধ্যায় ২২, হাঃ ২৪৬৫; মুসলিম, পর্ব ৩৭ : পোষাক ও অলঙ্কার, অধ্যায় ৩২, হাঃ ২১২১

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিরীকৃত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু সাউদ খুদরী (রাঃ)

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=84602>

১. হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন